দৈনিক
ইনকিলাব

তারিখ 23 DEC 2006
পৃষ্ঠা কলাম

### বহিষ্কার কেন্দ্র করে হাঙ্গামা আহত ২০

# সরিষাবাড়ী হোমিও কলেজে ধাওয়া-পাল্টা ধাওয়ায়

সরিষাবাড়ী (জামালপুর) উপজেলা সংবাদদাতা

সরিষাবাড়ী হোমিও কলেজে চলমান চূড়ান্ত পরীক্ষায় কেন্দ্র থেকে নকল করার অপরাধে গতকাল মঙ্গলবার দুপুরে পরীক্ষার্থীকে গ্রেফতারসহ বহিষ্কার ঘটনায় সংশ্লিষ্ট প্রশাসনের সাথে ছাত্রছাত্রীদের কথা কাটাকাটির একপর্যায়ে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। জানা গেছে, ১৪ ডিসেম্বর সরিষাবাড়ী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে '৪টি শিক্ষাবর্ষের চূড়ান্ত পরীক্ষায় ৬৩৮ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। চলমান পরীক্ষার মঙ্গলবার ৪র্থ দিনে সকালে স্বাস্থ্য বিজ্ঞান ও জনস্বাস্থ্য বিষয়ক পরীক্ষায় ২৫০ জন ছাত্রছাত্রীর পরীক্ষা চলছিল। দায়িত্বরত অতিরিক্ত ম্যাজিস্ট্রেট হাসানুল ইসলাম, ম্যাজিস্ট্রেট আসাদুল হক, শেখ মোঃ বেলাল হোসেন ও মোঃ শহিদুল ইসলাম পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার অপরাধে সিরাজগঞ্জ জেলার বেলকুচি থানার সুলাকুড়া গ্রামের আকছেদ আলীর পুত্র ১ম বর্ষের পরীক্ষার্থী আঃ লতিফকে বহিষ্কার করে। এ সময় বহিষ্কারকে কেন্দ্র করে পরীক্ষার্থীরা কর্তব্যরত ম্যাজিস্ট্রেটের সাথে অসদাচরণ করায় পুলিশ আঃ লতিফকে গ্রেফতার করে। গ্রেফতারের প্রতিবাদে বিক্ষুব্ধ পরীক্ষার্থী এবং পুলিশের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ায় কমপক্ষে ২০ জন আহত হয়। ঘটনার জের ধরে বিকেলে অনুষ্ঠিতব্য ২য় ও ৪র্থ বর্ষের ব্যবহারিক চিকিৎসা বিজ্ঞান পরীক্ষা পরীক্ষার্থীরা বয়কট করেছে। বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা সাংবাদিকদের জানান, কলেজের শিক্ষকসংশ্লিষ্ট প্রশাসনের মধ্যে দর কষাকষির জের হিসেবে এই অপ্রীতিকর ঘটনা ঘটে। বিকেল ৫টায় বিক্ষুব্ধ ছাত্রছাত্রী পরীক্ষার্থীরা সরিষাবাড়ী প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে প্রশাসন ও শিক্ষকদের অভিযুক্ত করে তাদের উপর পরিকল্পিতভাবে এ ঘটনা ঘটান হয়েছে বলে দাবী করেন। এ রিপোর্ট লেখা পর্যন্ত কলেজ প্রাঙ্গণ এলাকায় টানটান উত্তেজনা বিরাজ করছিল।